

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর  
আজমিরীগঞ্জ, হবিগঞ্জ।  
www.dls.ajmiriganj.habiganj.gov.bd

বিজ্ঞপ্তি নম্বরঃ প্রাণপুষ্টি/০২/২০২১

তারিখ: ২৮/০২/২০২২খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

বিষয়ঃ কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) নির্বাচনের জন্য আবেদনপত্র আহ্বান।

প্রাণিসম্পদ অধিদপ্তরধীন “প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লঅগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প”- অত্র উপজেলায় বাস্তবায়নের নিমিত্তে ০১ (এক) জন “কমিউনিটি এক্সটেনশন এজেন্ট” (CEA) চুক্তিভিত্তিক কাজের জন্য নির্বাচন করা হবে। নিম্নোক্ত শর্তপূরণ করে এইরূপ আগ্রহী প্রার্থীগণের নিকট থেকে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ

ক. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার তত্ত্বাবধানে প্রকল্পের নিয়ম-কানুন ও নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে ৩০০/-টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তির মাধ্যমে প্রকল্প চলাকালীন সময়ের জন্য কমিউনিটি এক্সটেনশন এজেন্ট হিসাবে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর আজমিরীগঞ্জ এর সাথে সম্পৃক্ত হতে আগ্রহী হতে হবে।

খ. ২০-৪০ বছর বয়সী, সংশ্লিষ্ট উপজেলার বাসিন্দা, ন্যূনতম এসএসসি বা সমমান পাশ, কর্মঠ, উদ্যোগী এবং নেতৃত্বের গুণাবলী সম্পন্ন এলাকায় সুপরিচিত বেকার যুবক/যুব মহিলা হতে হবে।

গ. নিজে গবাদিপশু পালন ও ঘাস চাষে আগ্রহী এবং উপজেলায় খামারী পর্যায়ে অধিক উৎপাদনশীল উন্নতজাতের ঘাস চাষ সম্প্রসারণে উপজেলা প্রাণিসম্পদ দপ্তরকে সম্প্রসারণ এজেন্ট হিসাবে সহযোগিতা প্রদানে আগ্রহী হতে হবে।

ঘ. উপজেলা প্রশাসন ও স্থানীয় জনপ্রতিনিধিদের সাথে সমন্বয় রেখে উপজেলা সদরে অধিক উৎপাদনশীল উন্নতজাতের ঘাসের ক্রয়-বিক্রয় কেন্দ্র/ বাজার স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে আগ্রহী হতে হবে।

ঙ. প্রকল্প বাস্তবায়ন সংশ্লিষ্ট সকল কার্যক্রম উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার নির্দেশনা মোতাবেক সম্পন্ন করতে আগ্রহী হতে হবে।

চ. প্রকল্পের ডিপিপির সংস্থান অনুযায়ী কর্মকালীন সময়ের জন্য মাসিক ভাতা প্রদান করা হবে।

ছ. অধিদপ্তরের আওতায় অন্য কোন উন্নয়ন প্রকল্পে কর্মরতদের আবেদন গ্রহণ করা হবে না।

**বাছাই- প্রক্রিয়াঃ** আগামী ০৫/০৩/২০২২খ্রি. তারিখে লিখিত ও মৌখিক পরীক্ষার মাধ্যমে ০১ (এক) জন প্রার্থী নির্বাচন করা হবে এবং ০১ (এক) জন প্রার্থী অপেক্ষমান রাখা হবে।

আগ্রহী প্রার্থীগণকে নিম্নস্বাক্ষরকারী বরাবর জীবনবৃত্তান্ত, ০১(এক) কপি ছবি, জাতীয় পরিচয়পত্রে কপি, ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিকতা সনদ/জন্ম নিবন্ধনের কপি, শিক্ষাগত যোগ্যতা এবং আনুষঙ্গিক প্রশিক্ষণ (যদি থাকে) সনদের কপি সহ আগামী ০৩/০৩/২০২২খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

(ডা. মো. মানসুরুল হক)  
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (ভারপ্রাপ্ত)

ও

সদস্য-সচিব

কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) ও অন্যান্য  
সুফলভোগী নির্বাচন কমিটি

বিতরণ জ্ঞাতার্থেঃ

১. মাননীয় সংসদ সদস্য, হবিগঞ্জ-০২।
২. উপজেলা নির্বাহী অফিসার, আজমিরীগঞ্জ ও সভাপতি, কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) ও অন্যান্য সুফলভোগী নির্বাচন কমিটি।
৩. উপজেলা কৃষি অফিসার, আজমিরীগঞ্জ ও সদস্য, কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) ও অন্যান্য সুফলভোগী নির্বাচন কমিটি।
৪. .... আজমিরীগঞ্জ।
৫. দপ্তর নথি।